গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপ-মহাপরিদর্শকের কার্যালয়, সিলেট

উপ কমিটি, বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, সিলেট এর জানুয়ারি ২০২০ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | সন্দ্বীপ কুমার সিংহ<br>পরিচালক |
| সভার তারিখ | ১৩ জানুয়ারী ২০২০ |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট। |
| উপস্থিতি | সংযুক্ত |

বিভাগীয় কমিশনার, সিলেট এর সভাপতিত্বে অনুষ্ঠিত বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, সিলেট এর ৮ম সভায় এ উপ কমিটি গঠন করেন। ৯ম সভায় সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, সিলেট বিভাগে যে সকল বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও) শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা তাদের কার্যক্রমের সমন্বয় সাধন করা প্রয়োজন। সে মোতাবেক উপ কমিটির পরবর্তী সভায় শিশুশ্রম নিরসনে সম্পৃক্ত বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও) সমূহের নির্বাহী / বিভাগীয় প্রতিনিধিদের আমন্ত্রণ জানিয়ে তাদের কার্যক্রম সমন্বয় ও শিশুশ্রম নিরসন কার্যক্রমের তালিকা করার সিদ্ধান্ত গৃহীত হয়। অতপর অদ্য বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, সিলেট এর উপ কমিটির জানুয়ারী ২০২০ মাসের সভায় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় সকল এনজিওদের তাদের নিজ নিজ কার্যক্রম উপস্থাপনের অনুরোধ করেন।

২। সভায় উপস্থিত এনজিও সমূহের কার্যক্রম নিম্নরুপ:
(ক) পালকিছড়া : মধ্য ও দক্ষিণ বাংলাদেশ শিশু উন্নয়ন প্রকল্প পালকিছড়া শিশু উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে ২৮১ জন শিশু সিএসপির ৫৮ জন মায়েদের উক্ত কার্যক্রমের আওতায় আনা হয়েছে। শিক্ষা কার্যক্রমের মাধ্যমে শিশুদেরকে পড়াশুনার সামগ্রী দিয়ে সহায়তা করে থাকে। শারীরিক উন্নয়ন কার্যক্রমে পুষ্টিকর খাবার ও স্বাস্থ্য সহায়তা দিয়ে সহায়তা করে। এছাড়াও সামাজিক উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে চাল, ডাল ও বিভিন্ন ধরনের খাবার সহায়তা দিয়ে থাকে।

কার্যক্রম
(১) সহায়তা : শিক্ষা সামগ্রী বিতরণ, শিক্ষা কার্যক্রম।
(২) প্রশিক্ষণ ব্যবস্থা: আছে
(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে
(৪) বেস লাইন সার্ভে: আছে
(৫) কাজের স্থান: কুলাউড়া উপজেলা, মৌলভীবাজার।

(খ) এথনিক কমিউনিটি ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (একডো) : শিশুশ্রমের সাথে জড়িত শিশুদের নিয়ে কাজ করে। সিলেট জেলার সদর উপজেলার লাক্কাতুরা ও দলদলি চা বাগান এবং ৩ নং খাদিমনগরের আলাইবহর গ্রামে হেয় ভারডেন এবং নরওয়ে প্রতিষ্ঠানের সহযোগীতায় ৫০ জন শিশুকে বিনামুল্যে শিক্ষা উপকরণ এবং ২৫ জন পাত্র জনগোষ্ঠীর শিশুকে শিক্ষা উপকরন দিয়ে সহায়তা করেছে। এছাড়াও ২৭৫ জন শিশুকে বিভিন্ন সেক্টর থেকে শিশুশ্রম থেকে বিরত রাখতে সক্ষম হয়েছে। ৭৫ জন প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থী এডুকেশন সাপোর্ট সেন্টারে লেখাপড়া করছে।

কার্যক্রম

(১) সহায়তা: নিয়মিত বিনামুল্যে শিক্ষা উপকরণ সরবরাহ

(২) প্রশিক্ষন ব্যবস্থা: নাই

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) বেস লাইন সার্ভে: আছে

(৫) কাজের স্থান: সিলেট জেলার সদর উপজেলার লাক্কাতুরা ও দলদলি চা বাগান।

(গ) এওয়ার্ড : এওয়ার্ড কোম্পানীগঞ্জ উপজেলায় ২০০০ সাল থেকে নন-ফরমাল প্রাইমারী এডুকেশন কার্যক্রম চালিয়ে আসছে। পাথর শ্রমিকদের শিশুদের জন্য ৫৭ টি স্কুল পরিচালনা করে থাকে। ১৭ জন মহিলাকে সেলাই প্রশিক্ষণ দেওয়া হয়েছে । ২১৫০ জন দুস্থ মহিলা কে সঞ্চয় সংগ্রহে সহায়তা এবং পেশা ভিক্তিত্তিক প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী করা।

কার্যক্রম

(১) সহায়তা: নন ফরমাল প্রাইমারী এডুকেশন।

(২) প্রশিক্ষন ব্যবস্থা: নাই

(৩) কেন্দ্র ব্যবস্থা: নাই

(৪) সার্ভে: আছে

(৫) কাজের স্থান: কোম্পানীগঞ্জ উপজেলা, সিলেট।

(ঘ) ফ্রেন্ডস ইন ভিলেজ ডেভেলপমেন্ট বাংলাদেশ (এফআইভিডিবি) : এফআইভিডিবি চা বাগানে কর্মরত কিশোর কিশোরীদের নিয়ে কাজ করে। সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলায় ২৪৫ টি শিশু ক্লাব আছে যেখানে শিশুরা তাদের অধিকার সম্পর্কে জানে। ১৪ টি সাপোর্ট সেন্টার আছে। ঝড়ে পড়া শিশুদের নিয়ে তাদের কিভাবে কি ধরনের সুবিধা দেওয়া যায় সে বিষয়টি সনাক্ত করে তাদেরকে সরকারী এজেন্সির মাধ্যমে সহায়তা দেওয়া হয়। বাল্যবিবাহ এবং শিশুশ্রম নিয়ে তারা সহযোগী প্রতিষ্ঠানের সাথে কাজ করে। শর্ত সাপেক্ষে প্রয়োজনে শিক্ষা সহায়তার জন্য ৩ কিস্তিতে ৩৬,০০০/=টাকা প্রদান করা হয়।

কার্যক্রম

(১) সহায়তা : আর্থিক, সচেতনতা সৃষ্টি।

(২) প্রশিক্ষণ ব্যবস্থা: আছে

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে: আছে

(৫) কাজের স্থান: সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।

(ঙ) এসেড হবিগঞ্জ : শিশুশ্রম জড়িত শিশু এবং ঝড়ে পড়া শিশুদের নিয়ে কাজ করে । শিশুদের পরিবারকে আর্থিক সহায়তার জন্য কিস্তিতে অটোরিক্সা, ইজিবাইক প্রদান করা হয়ে থাকে। ৩৭ জন পরিবারকে এ ধরনের সুবিধা দেওয়া হয়েছে।

কার্যক্রম

(১) আর্থিক সহায়তা: আছে।

(২) প্রশিক্ষণ ব্যবস্থা: নাই।

(৩) কেন্দ্র ব্যবস্থা : নাই।

(৪) সার্ভে: নাই।

(৫) কাজের স্থান : হবিগঞ্জ সদর উপজেলা।

(চ) কারিতাস- ট্রেড ভিত্তিক কারিগরি প্রক্ষিনের প্রদানের মাধ্যমে চাকুরীর সহায়তা প্রদান করা হয়। কারিতাস আবাসিক এবং অনাবাসিক টেকনিক্যাল স্কুলের ব্যবস্থা আছে। কারিতাস অনাবাসিক ছাত্র ছাত্রিদের জন্য প্রতিদিন টিফিন বাবদ ২০/- টাকা করে দেওয়া হয়। কারিতাস আবাসিক, অনাবাসিক, টেকনিক্যাল স্কুল, জেলা যুব উন্নয়ন প্রশিক্ষন সহ বিভিন্ন কারিগরি প্রশিক্ষন সেন্টারের মাধ্যমে ৫০১ জন ছেলে মেয়েকে আত্ন কর্মসংস্থান, কর্মসংস্থান এবং বহুজাতিক কোম্পনীতে চাকুরীর জন্য সহায়তা করা হয়েছে। প্রতিবন্ধি শিশুদেরও এসব সহায়তা দেওয়া হয়ে থাকে।

কার্যক্রম

(১) সহায়তা: প্রতিবন্ধী শিশুদের টেকনিক্যাল স্কুল প্রশিক্ষণ এবং কর্মসংস্থান এর ব্যবস্থা।

(২) প্রশিক্ষণ ব্যবস্থা: আছে

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে: আছে

(৫) কাজের স্থান: মৌলভবিাজার এবং হবিগঞ্জ ।

(ছ) শিশু সহায়ক সংস্থা : পীরের বাজার সেন্টারের ব্যবস্থা আছে যেখানে ১৯৯ জন শিশুকে সহায়তা দিয়ে থাকে । ১-৪ বছরের শিশুরা সপ্তাহে ০১ দিন আসে এবং দুই ঘন্টা থাকে এবং স্কুলগামী শিশুরা সপ্তাহে ০২ দিন আসে। শিশু সহায়ক সংস্থা শিক্ষা সহায়তা, হোস্টেল ব্যবস্থা, পোশাক সহায়তা এবং চিলড্রেন কেয়ার সহ বিভিন্ন সহায়তা প্রদান করে থাকে। ২১০ জন শিশুকে এসব সহায়তা দেওয়া হযেছে।

কার্যক্রম

(১) সহায়তা: শিক্ষা সহায়তা, হোস্টেল ব্যবস্থা, পোশাক সহায়তা এবং চিলড্রেন কেয়ার সহ বিভিন্ন সহায়তা।

(২) প্রশিক্ষণ ব্যবস্থা: নাই

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে।

(৪) বেস লাইল সার্ভে:

(৫) কাজের স্থান: মৌলভবিাজার এবং হবিগঞ্জ

(জ) হবিগঞ্জ এ্যাসোসিয়েশন ফর অটিজম এ্যান্ড সোস্যাল ইমপ্রোভমেন্ট (হাসি)- হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলায় ঝঁকিপূর্ন কাজে নিয়োজিত শিশুদের ডাটাবেজ তৈরি করেছে। প্রতিবছর ৩০ জন শিশুর শিক্ষার সম্পুর্ন দায়িত্ব বহন করছে। অটিষ্টিক ও প্রতিবন্ধি নারী পুরুষদের চিকিৎসা সেবা প্রদান করে । দরিদ্র রোগীদের আর্থিক সহায়তা প্রদান প্রতিবন্ধি কার্যক্রমে ৬০ জন দৃষ্টি প্রতিবন্ধিকে সাদাছড়ি প্রদান করা হয়। ১২০ জন বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিভিন্ন খেলাধুলার প্রশিক্ষন দেওয়া হয়।

কার্যক্রম

(১) আর্থিক সহায়তা:

(২) প্রশিক্ষন ব্যবস্থা: আছে

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে: আছে

(৫) কাজের স্থান: হবিগঞ্জ

(ঝ) এস ও এস শিশু পল্লি- পরিবার ভিত্তিক স্পন্সরশিপ প্রোগ্রামের মাধ্যমে ১২০ জন শিশু, ঝুঁকিতে পড়া ১৩০০ জন শিশুদের সুবিধা দেওয়া হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য এবং চিকিৎসা সংক্রান্ত যাবতীয় সকল সুবিধা দিয়ে থাকে। ১৭ বছরের উর্ধে শিশুদের ইউসেপ এর মাধ্যমে কারিগরী প্রশিক্ষনের পর কাজে নিযুক্ত হবার সুযোগ হরে দেন। প্রতি ছয় মাস পর পর ঝুঁকি নিরীক্ষন কর্মশালা করেন এবং জুঁকিগুলো খুজে বের করেন। শিশুদের পরিবারকে ক্ষেত্রবিশেষে উপকরণ সরবরাহ, আয়ের উৎস সৃষ্টি এবং চাকুরীতে নিয়োগকারী কতৃপক্ষের সাথে যোগাযোগ করে ব্যবস্থা করা হয় যাতে শিশুরা ঝুঁকিপুর্ন কাজে

নিরুৎসাহী হয়।

কার্যক্রম

(১) আর্থিক সহায়তা:

(২) প্রশিক্ষন ব্যবস্থা: আছে

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে: আছে

(৫) কাজের স্থান: সিলেট জেলার ওসমানীনগর

(ঞ) আকবেট- ২০১৩ সাল থেকে শিশুশ্রম নিয়ে কাজ করে। ৩৮ প্রকার ঝুঁকিপুর্ন সেক্টরে শিশুদের নিয়ে কাজ করে। প্রথমে সার্ভে করে সিলেট সিটি কর্পোরেশনে কোথায়, কতজন, কি ধরনের ঝুঁকিপুর্ন কাজে জড়িত এবং সমাধানের উপায় সনাক্ত করে ৮০০ শিশুদের মধ্যে ৩৫০ জন শিশুকে সনাক্ত করেছে। ভোকেশনাল ট্রেনিং এর মাধ্যমে কারিগরী প্রশিক্ষণ দেওয়া হয়। আকবেট সেন্টারে সপ্তাহে ৩ দিন শিশুরা আসে এবং লাইফ স্কিল ট্রেনিং দেওয়া হয় এবং ১৪০ জনের পড়াশুনার সেন্টার আছে। শিশুদের পরিবারকে ক্ষুদ্র ব্যবসার সাপোর্ট দেওয়া হয়। ০৪ টি ওয়ার্ডে ৩০০ শিশু ও তাদের পরিবারকে নিয়ে কাজ করেছে এবং আরও ২ টি ওয়ার্ডে কাজ শুরু করেছে।

কার্যক্রম

(১) সহায়তা: শিশু পরিবারকে ক্ষুদ্র ব্যবসার সহযোগিতা।

(২) প্রশিক্ষণ ব্যবস্থা: আছে

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে: আছে

(৫) কাজের স্থান: সিলেট জেলা।

(ট) সিএসআইডি- গত ২৩ বছর ধরে প্রতিবন্ধিদের নিয়ে কাজ করছে। ২০০৬ সাল থেকে সিলেটে কাজ করছে এবং সার্ভের মাধ্যমে ২২৩৩ জনকে নিয়ে কাজ করছে। বিনা খরচে পড়াশুনার উপকরন বাবদ খাতা, কলম, ওষদ এবং স্কুলে ভর্তি করানো হয়। উন্নত চিকিৎসার জন্য সহায়তা করা হয়। বিসিসি এর সহায়তায় ভেকেশনাল ট্রেনিং এর মাধ্যমে চাকারীর পাওয়ার ক্ষেত্রে সহায়তা দেওয়া হয়।

কার্যক্রম

(১) সহায়তা: শিক্ষা ও স্বাস্থ্য সহায়তা।

(২) প্রশিক্ষন ব্যবস্থা: আছে

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে: আছে

(৫) কাজের স্থান: সিলেট জেলা

(ঠ) শিশু কল্যাণ সংস্থা : বয়স্ক লোকদের নিয়ে কাজ করে, প্রতি শনিবার বিনা পয়সায় শিশুদের চিকিৎসা দেওয়া হয়। প্রতি বছর ফিটনেস প্রোগ্রাম করে শিশুদের স্বাস্থ্য সম্পর্কে সচেতন করা হয়। মৌলভীবাজার বুদ্ধি প্রতিবন্ধি স্কুল , হসপিটাল এবং এতিমখানার সাথে কাজ করে সার্বিক সহায়তা দেওয়া হয়।

কার্যক্রম

(১) সহায়তা : বুদ্ধি প্রতিবন্ধী স্কুল, হাসপাতাল এবং এতিমখানায় সাথে শিশু শিক্ষা, স্বাস্থ্য সহায়তা।

(২) প্রশিক্ষণ ব্যবস্থা : নাই

(৩) কেন্দ্র ব্যবস্থা: নাই।

(৪) সার্ভে: নাই।

(৫) কাজের স্থান: মৌলভীবাজার

(ড) জৈন্তিয়া ছিন্নমুল সংস্থা (জেছিস) : উপজেলা প্রশাসনের সাথে যৌথ উদ্যোগে শ্রীপুরে পাথর শ্রমিক শিশুদের জন্য স্কুল স্থাপন করা হয়েছে। জামালগঞ্জে ৫০ টি ফান্ড সেক্টরের মাধ্যমে ঝঁড়ে পড়া শিশুদের খেলার সরঞ্জাম সহ খেলার আয়োজন করে। ব্রাকের সহায়তায় গোয়াইনঘাটে ১৫ টি স্কুলে ঝঁড়েপড়া শিশুদের শিক্ষা দেওয়া হয়।

কার্যক্রম

(১) সহায়তা : ব্রাকের সহায়তায় গোয়াইনঘাটে ১৫ টি স্কুলে ঝঁড়েপড়া শিশুদের শিক্ষা কার্যক্রম।

(২) প্রশিক্ষণ ব্যবস্থা: আছে

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে:

(৫) কাজের স্থান: সিলেট জেলা

(ঢ) ইরা : নকশিকাথা প্রোগ্রামে ১৫-১৮ বছরের শিশুদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

কার্যক্রম

(১) আর্থিক সহায়তা : নাই

(২) প্রশিক্ষন ব্যবস্থা: আছে

(৩) কেন্দ্র ব্যবস্থা: নাই

(৪) বেসলাইন সার্ভে: নাই।

(৫) কাজের স্থান: সিলেট জেলা

(ণ) তাসনুভা শামীম ফাউন্ডেশন : নিজস্ব সহায়তায় হবিগঞ্জ প্রতিবন্ধী স্কুল ও পুর্নবাসন কেন্দ্রে ৭৫ জন ছাত্র আছে। অসহায় পরিবারকে বিশুদ্ধ খাবার পানির জন্য টিওবয়েলের ব্যবস্থা করা হয়। হাজী আব্দুর রহিম কেজি স্কুলে ঝঁড়ে পড়া শিশুদের বিনা খরচে পড়ানো হয়। এতিমখানা ও বানিয়াচঙে বুনয় মাদ্রাসায় ২০০ জন ছাত্রছাত্রীকে বিনা বেতনে পড়ানো হয়।

কার্যক্রম

(১) সহায়তা : প্রতিবন্ধী স্কুল ও পুর্নবাসন। বিশুদ্ধ খাবার পানির জন্য টিউবওয়েল স্থাপন।

(২) প্রশিক্ষন ব্যবস্থা: আছে

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে: আছে।

(৫) কাজের স্থান: হবিগঞ্জ ।

(ন) সীমান্তিক : নন-ফর্মাল প্রাইমারী স্কুল আছে। সকলকে সহায়তা করা হয়।

কার্যক্রম

(১) আর্থিক সহায়তা: নাই।

(২) প্রশিক্ষন ব্যবস্থা: নাই

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে: নাই

(৫) কাজের স্থান: সিলেট ।

(ত) পাত্র সম্প্রদায় কল্যাণ পরিষদ : ৩ টি স্কুল আছে যেখানে ঝঁড়ে পড়া শিশু এবং পাত্র সম্প্রদায় জনগোষ্ঠিদের সহায়তা করা হয়।

কার্যক্রম

(১) আর্থিক সহায়তা:

(২) প্রশিক্ষণ ব্যবস্থা:

(৩) কেন্দ্র ব্যবস্থা: আছে

(৪) সার্ভে: নাই

(৫) কাজের স্থান: সিলেট জেলা।

৩। সভাপতি উপস্থিত সকল এনজিও যাতে একে অপরের কাজের বিষয়ে সমন্বয় সাধনের মাধ্যমে শিশুশ্রম মুক্ত দেশ গড়ার ভূমিকা রাখে সে বিষয়ে গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্ত : বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, সিলেট এর পরবর্তী সভায় এনজিও সমূহের শিশুশ্রম নিরসন কার্যক্রমের তালিকা সভাপতির নিকট উপস্থাপন করা হবে।



সন্দ্বীপ কুমার সিংহ
পরিচালক

স্মারক নম্বর: ৪০.০১.৯১০০.১০১.০৬.০০৫.১৯.৮

তারিখ: ১৯ মাঘ ১৪২৬
০২ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

২) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৩) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট

৪) উপপরিচালক , উপপরিচালকের কার্যালয়,মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট

৫) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, শিশু একাডেমি, সিলেট

৬) উপ -মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট

৭) বিভাগীয় প্রতিনিধি, ইউনিসেফ, সিলেট।

৮) নির্বাহী পরিচালক, সীমান্তিক, শাহজালাল উপশহর, সিলেট।

৯) নির্বাহী পরিচালক, জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা (জেছিস), টিলাগড়, সিলেট।

১০) নির্বাহী পরিচালক, এসোসিয়েশন অফ ওয়ার্কাস ফর অল্টারনেটিভ রুরাল ডেভেলপমেন্ট (এওয়ার্ড), শাহজালাল উপশহর, সিলেট।

১১) নির্বাহী পরিচালক, এসওএস, ওসমানীনগর, সিলেট।

১২) নির্বাহী পরিচালক, সেন্টার ফর সার্ভিসেস এন্ড ইনফরমেশন অন ডিসএবিলিটি (সিএসআইডি), শাহজালাল উপশহর, সিলেট।

১৩) নির্বাহী পরিচালক, এথনিক কমিউনিটি ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (একডো), শিবগঞ্জ, সিলেট।

১৪) নির্বাহী পরিচালক, ফ্রেন্ডস ইন ভিলেজ ডেভেলপমেন্ট বাংলাদেশ (এফআইভিডিবি), খাদিমনগর, সিলেট।

১৫) নির্বাহী পরিচালক, ওয়ার্ড ভিশন, কালীবাড়ী রোড, সিলেট।

১৬) নির্বাহী পরিচালক, গ্রীন ডিসএ্যাবল্ড ফাউন্ডেশন (জিডিএফ), জিন্দাবাজার, সিলেট।

১৭) নির্বাহী পরিচালক, ব্যাক, শাহজালাল উপশহর, সিলেট।

১৮) নির্বাহী পরিচালক, সিলেট যুব একাডেমী (এসজেএ), শাহজালাল উপশহর, সিলেট।

১৯) নির্বাহী পরিচালক, কারিতাস বাংলাদেশ, খাদিমনগর, সিলেট।

২০) নির্বাহী পরিচালক, আকবেট, শাহজালাল উপশহর, সিলেট।

২১) নির্বাহী পরিচালক, পাত্র সম্প্রদায় কল্যাণ পরিষদ (পাসকপ), খাদিমনগর, সিলেট।

২২) নির্বাহী পরিচালক, এফ্যারটস ফর রুরাল এডভান্সমেন্ট (ইরা), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

২৩) নির্বাহী পরিচালক, হবিগঞ্জ এ্যাসোসিয়েশন ফর অটিজম এন্ডসোস্যাল ইমপ্রোভমেন্ট, হবিগঞ্জ।

২৪) নির্বাহী পরিচালক, তাসনুভা শামীম ফাউন্ডেশন, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

২৫) নির্বাহী পরিচালক, এসেড, হবিগঞ্জ।

২৬) নির্বাহী পরিচালক, শিশু সহায়ক সংস্থা, কুলাউড়া, মৌলভীবাজার।

২৭) নির্বাহী পরিচালক, শিশু স্বাস্থ্য কল্যাণ সংস্থা, মৌলভীবাজার।

২৮) নির্বাহী পরিচালক, পালকিছড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, কুলাউড়া, মৌলভীবাজার্

২৯) নির্বাহী পরিচালক, এফ, আই, বি, ডি, ভি (ফ্রেন্ডস ইন ভিলেজ ডেভেলপমেন্ট বাংলাদেশ), মৌলভীবাজার।

Tapanbikash

তপন বিকাশ তঞ্চঙ্গ্যা
উপ -মহাপরিদর্শক